



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮-২৮

তারিখ : ২৩.০৯.২০১৮

বিজ্ঞপ্তি

বিষয় : সাধারণপুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রুড) পদের স্থগিত প্রার্থীদের ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২.০১.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭. ০০১.১৮.০১ নং বিজ্ঞপ্তি এবং ০৪.০১.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮.০২ নং বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/ প্রশাসনিক কারণে কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী ফলাফল স্থগিত প্রার্থীদের মধ্যে অবশিষ্ট ০৪ জন প্রার্থীর মধ্যে নিম্নোক্ত ০২ জন প্রার্থী প্রয়োজনীয় কাগজপত্র/ডকুমেন্টস দাখিল করায় কমিশন কর্তৃক তাদের সাময়িকভাবে (provisionally) সুপারিশ করা হয়েছে :

ক. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রুড) (বিজ্ঞপ্তি নম্বর ১৮, তারিখঃ ২০.০২.২০১৭) :

রেজিস্ট্রেশন নম্বর : ০০৩১১৬ = ০১ জন।

খ. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রুড), (বিজ্ঞপ্তি নম্বর ১৯, তারিখঃ ২০.০২.২০১৭) :

রেজিস্ট্রেশন নম্বর : ৩০০০৩৭ = ০১ জন।

গ. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রুড) পদের ফলাফল স্থগিত ০১ জন প্রার্থী (রেজিস্ট্রেশন নম্বর ০০৮৯৬৯) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শিক্ষা প্রকৌশলী অধিদপ্তরের “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম গ্রুড) পদের ফলাফল স্থগিত ০১ জন প্রার্থী (রেজিস্ট্রেশন নম্বর ০০২২৩৫) কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হওয়ায় কমিশন তাদের প্রার্থিতা বাতিল করেছে।

২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি, বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৩. সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যেকোনো গুরুতর (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যেকোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৫. প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬. ফলাফল কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)-এ পাওয়া যাবে।

(আ. ই. ম. নেহার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]